# -ঃ গাইবান্ধা সদর উপজেলা পরিষদের অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি : শাহ সারোয়ার কবীর
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

তারিখ : ১৩ অক্টোবর, ২০২২ সকাল ১০:৩০ টা।

স্থান : সৌহার্দ্য সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক' হাজিরা) ঃ**

জনাব শাহ সারোয়ার কবীর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধার সভাপতিত্বে অক্টোবর, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ধারাবাহিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাসের দ্বিতীয় বৃহস্পতিবার উপজেলা পরিষদের মাসিক সভার দিন নির্ধারণ করা রয়েছে। তাই এ দিনে অন্য কোন সভার তারিখ ধার্য না করার জন্য তিনি সকলকে আহ্বান করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর মাসিক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ** | | |
| | উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা সেপ্টেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। | সেপ্টেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী/ সংযোজনী/পরিমার্জন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ২. | **উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে সেপ্টেম্বর, ২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী ঃ** | | |

| নং | বিবরণ | % | (টাকা) |
|---|---|---|---|
| ০১ | বাসাভাড়াসহ চেয়ারম্যানের বাসাভাড়াসহ সম্মানী | | ৪০০০০.০০ |
| ০২ | ভাইস চেয়ারম্যানদের সম্মানী | | ৫৪০০০.০০ |
| ০৩ | মালি ও ঝাড়ুদারের মজুরি | | ৩৪১০০.০০ |
| ০৪ | আনুষঙ্গিক ব্যয় | | ৫০০০.০০ |
| ০৫ | আপ্যায়ন ব্যয় | | ৪৬০০০.০০ |
| ০৬ | অফিস সরঞ্জাম বিল | | ৪৮৫০০.০০ |
| ০৭ | জিপগাড়ির জ্বালানি বিল | | ২১৬৭৪.১২ |
| ০৮ | পানির পাম্প মেরামত | | ১৫০০০.০০ |
| ০৯ | জাতীয় দিবস | | ১২০০০.০০ |
| ১০ | আসবাবপত্র ক্রয় | | ১০৩০০.০০ |
| সর্বমোটঃ (মাত্র দুই লক্ষ পয়ষট্টি হাজার পাঁচশত চুয়াত্তর টাকা বারো পয়সা) | | | ২৮৬৫৭৪.১২ |

সিদ্ধান্তঃ সেপ্টেম্বর, ২০২২ মাসের আয়-ব্যয়সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং বিধিমতে ব্যয় পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদরের প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। গত ২৮.০৯.২০২২-০৩.১০.২০২২ তারিখ পর্যন্ত কোভিড-১৯ টিকাদান কর্মসূচির বিশেষ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ওয়ার্ডভিত্তিক এই ক্যাম্পেইন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। আগামী ১১/১০/২০২২ তারিখ হতে ২৩/১০/২০২২ তারিখ পর্যন্ত ৫-১১ বছর বয়সী শিশুদের জন্য কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলবে। এ কার্যক্রমে সফলতার জন্য স্বাস্থ্য অধিদপ্তর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে যোগাযোগ করেছে। এ বিষয়ে তিনি উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় তথ্যসহ সার্বিক সহযোগিতা জন্য অনুরোধ করেন। | ৩) ৫-১১ বছর বয়সী শিশুদের জন্য কোভিড-১৯ টিকাদান কর্মসূচি সফল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর গাইবান্ধাকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br>৪) তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২ উপজেলা কৃষি বিভাগ ঃ** | | |
| উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সেপ্টেম্বর, ২০২২ মাসের সারের নিয়ে সমস্যা তৈরি হয়েছিল কিন্তু সকলের সহযোগিতায় সমস্যার উত্তরণ করা সম্ভব হয়েছে। বর্তমানে অনেকের ঘরে সার সংরক্ষণ করা থাকতে পারে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। বর্তমানে খুচরা বিক্রেতা নিয়োগের বিষয়ে জোড় দেওয়া হয়েছে। খুচরা সার বিক্রেতার কমিশন নির্ধারিত নেই তবে তাদের জামানত বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জমা দিতে হবে। খুচরা বিক্রেতা যাচাই-বাছাই কমিটির সভাপতি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ। খুচরা সার বিক্রেতা যথাযথভাবে নিয়োগ দিতে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করেন। ২০২২-২৩ অর্থবছরে পেয়াস ও মাসকলাই ফসলের জন্য প্রনোদনা কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে এবং তা সংশ্লিষ্ট চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে। এছাড়া উপজেলা কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ ও সহযোগিতা প্রদান অব্যাহত রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | তার দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখতে, কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা এবং প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩. উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ | | |
| উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদরের প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ দপ্তরের পশু-পাখিদের স্বাস্থ্য সেবা স্বাভাবিকভাবে প্রদান করা হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রাণি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদর। |
| ৩.৪ উপজেলা মৎস্য বিভাগঃ | | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন যে ৭.১০.২০২২-২৮.১০.২০২২ তারিখ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান চলবে। এ সময় ইলিশ মাছ ধরা, পরিবহন, বাজারজাতকরণ সম্পূর্ণ নিষিদ্ধ। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট হতে জেলেদের তালিকা চান। কামারজানী, মোল্লারচর, গিদারী, মালিবাড়ী, ঘাগোয়া এবং বাদিয়াখালী ইউনিয়নের ১১৮০ (এক হাজার একশত আশি) জন জেলে ২৫ (পচিশ) কেজি করে চাল পাবে। | ৪. সরকারি নির্দেশনামতে কার্যক্রম চালানোর জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো।<br>৫. তার ইউনিয়নের জেলেদের তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো; | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাইবান্ধা সদর ও চেয়ারম্যান, ইউপি (সংশ্লিষ্ট সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.৫ উপজেলা এলজিইডি বিভাগঃ | | |
| উপজেলা প্রকৌশলী, এলজিইডি বিভাগ জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। বর্তমানে গাইবান্ধা সদর উপজেলায় রাস্তা, ভূমি অফিস নির্মাণ, স্কুল ভবন নির্মাণ ও ব্রিজ নির্মান কাজ চলছে। জাইকা থেকে বরাদ্দ পাওয়া গেছে এবং টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। তিনি সংশ্লিষ্ট সকলকে জনগুরুত্বপূর্ণ প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মান ও বালুয়া বাজারের কাজ সম্পন্ন করা হয়েছে। তিনি উপজেলা পরিষদের ভিতরে বঙ্গবন্ধু মুর্যাল স্থাপনের জন্য কোন প্রক্রিয়া কাজ করা হবে তার নির্দেশনার জন্য প্রস্তাব রাখেন। এছাড়া উপজেলার সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য পুরাতন জরাজীর্ণ/পরিত্যক্তভবন অপসারণপূর্বক নতুন ভবন ও ডরমেটরি নির্মাণের নিমিত্তে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের বিদ্যমান উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন অত্যন্ত জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ বিধায় উপজেলা নির্বাহী অফিসারের কোয়ার্টার ও উপজেলা চেয়ারম্যানের জন্য পৃথক ভবন নির্মাণ করা প্রয়োজন। উপজেলা পুরাতন প্রশাসনিক ভবন ও হলরুম ওয়ার্কশনের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। প্রস্তুতকৃত প্রাক্কলনে ভবনের মূল্য ৬,৫৭,৬৪৮.৮৩ (মাত্র ছয় লক্ষ সাতান্ন হাজার ছয়শত আটচল্লিশ টাকা তিরাশি পয়সা, অপসারণ খরচ ৪৪১,৬২০.০০ (মাত্র চার লক্ষ একচল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা বাদ দিয়ে নিট মূল্য ২,১৬,০২৯.০০ (মাত্র দুই লক্ষ ষোল হাজার উনত্রিশ হাজার) টাকা পাওয়া গেছে। উক্ত প্রাক্কলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনায় সভায় প্রাক্কলনটি অনুমাদন করা হলো। অনুমোদিত প্রাক্কলনটি জেলা কমিটির নিকট প্রেরণ করার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | ০৫) পূর্ব নির্ধারিত স্থানেই বঙ্গবন্ধুর মুর্যাল নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে কোটেশন দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।<br>০৬) গাইবান্ধা সদর উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবন ও হলরুম ওয়ার্কশনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রস্তুতকৃত প্রাক্কলনটি অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো;<br>০৭) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জন্য বাসভবন নির্মাণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০৮) সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য নতুন আবাসিক ভবন/ডরমেটরি স্থাপনের লক্ষ্যে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো;<br>০৯) তাঁর দপ্তরের কাজ স্বাভাবিক রাখতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো; | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর। |
| ৩.৬ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি জানান তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন যে, সেপ্টেম্বর, ২০২২ মাসে গাইবান্ধা সদর উপজেলাধীন সক্ষম দম্পতির ১,০৪,৭৮৭ জনের মধ্যে মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৮৪২০৪ জন, গ্রহণকারী হার (সিএআর) ৮০.৩৬%। এ মাসে ৩৬টি টিউবেকটমি সম্পাদন করা হয়েছে। অর্জিত হার ৩২৭%। ১২ জনকে আইইউডি প্রয়োগ করা হয়েছে যার অর্জিত হার ১২%। ৩২১ জনকে ইমপ্লান্ট প্রয়োগ করা হয়েছে। অর্জিত হার ২৮৭%। খাবার বড়ি ১৬৮৭ জনকে বিতরণ করা হয়েছে অর্জিত হার ৫১%। কনডম ১২৩ জনকে বিতরণ করা হয়েছে, অর্জিত হার ২১% এবং ১০০১ জনকে ইনকেটেবলস পদ্ধতি প্রয়োগ করা হয়েছে, অর্জিত হার ৬২%। এছাড়া এই মাসে গাইবান্ধা সদর উপজেলায় ৮০ জন সিজারিয়ান অপারেশনসহ ১২৬ জনের ডেলিভারি সম্পাদন করা হয়েছে এবং ৫৭৭ জন গর্ভবতী মাকে প্রসবপূর্ব সেবা ও ১৭৬ জন মাকে প্রসব পরবর্তী সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, বিভাগীয় কার্যক্রমে বিভিন্ন পদ্ধতি গ্রহণ ও সক্ষম দম্পতিদেরকে পরামর্শ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| ৩.৭ উপজেলা শিক্ষা অফিসঃ | | |
| উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা তদন্তের কারণে আজকের সভায় উপস্থিত থাকতে পারেন নাই। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। দুর্গাপূজার ছুটির পর প্রাথমিক বিদ্যালয়গুলোতে পাঠদান আরম্ভ করা হয়েছে। বিদ্যালয়গুলোতে ৫-১১ বছর বয়সীদের শিক্ষার্থীদের কোভিড-১৯-এর টিকা প্রদান করা আরম্ভ হবে। টিকাদান কর্মসূচি সফলভাবে সম্পন্ন করতে উপজেলা স্বাস্থ্য বিভাগকে উপজেলা শিক্ষা বিভাগ আন্তরিকভাবে প্রয়োজনীয় সহযোগিতা করবেন বলে তিনি সভায় উল্লেখ করেন। বর্তমানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |

চলমান পৃষ্ঠা-৩/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.৮ উপজেলা রিসোর্স সেন্টার ঃ | | |
| উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, গত সেপ্টেম্বর, ২০২২ মাসে ১১টি ক্লাষ্টারে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ণ বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে উপজেলা রিসোর্স সেন্টার, গাইবান্ধা সদর, গাইবান্ধায় গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে গানিতিক দক্ষতা উন্নয়ন বিষয়ক বরাদ্দ প্রাপ্ত ০৬ ব্যাচের প্রশিক্ষণ চলমান-আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে মর্মে তিনি সভায় সকলকে অবগত করেন। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে প্রশিক্ষণগুলো বিধি অনুযায়ী পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| ৩.৯ উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ | | |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরের টিআর ও কাবিখার বরাদ্দ পাওয়া গেছে। সকলেই তালিকা জমা দিয়েছেন। কিন্তু পিআইসি কমিটি জমা প্রদাঁন করা হয় নাই। দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় নতুন সহকারী প্রকৌশলী যোগদান করেছেন। তাকে নিয়ে প্রকল্পগুলো পরিদর্শনের ব্যবস্থা করলে প্রকল্পের বরাদ্দকৃত অর্থ ছাড় প্রদান করা যায়। ১১৮০ জন জেলের জন্য ভিজিএফ বরাদ্দ পাওয়া গেছে। ট্যাগ অফিসার ও মৎস্য অফিসের প্রতিনিধির উপস্থিতিতে ভিজিএফ বিতরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। আজকে আন্তঃজার্তিক দুর্যোগ প্রশমন দিবস, ২০২২ সারাদেশ ব্যাপী উদযাপিত হচ্ছে। | ১. ২০২১-২২ অর্থবছরের গ্রামীন অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কর্মসূচির সাধারণ ও নির্বাচনী এলাকার অনুমোদিত প্রকল্পের সমাপনী প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২. তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.১০ উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ | | |
| উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, বর্তমানে প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন চলছে। আবেদনের সংখ্যার ওপর বরাদ্দ পাওয়া যাবে। বর্তমানে কিছু কিছু প্রতিবন্ধীর জাল পরিচয়পত্র পাওয়া যাচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.১১ উপজেলা খাদ্য বিভাগ: | | |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, গাইবান্ধা সদর এলএসডিতে অদ্যকার প্রারম্ভিক মজুদ চাল (সিদ্ধ) ১৪০৯৭.৫১১ মে.টন, ধান ৮৫১.৫০২ মে.টন এবং গম ৩৬৪.৪১৬ মে.টন। মজুদ সন্তোষজনক। চলতি বোরো ২০২২ মৌসুমে গাইবান্ধা সদর এলএসডিতে সিদ্ধ ও আতপ চাল এবং ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। গাইবান্ধা সদর পৌরসভায় ০৯ (নয়) জন ওএমএস ডিলারের মাধ্যমে প্রতিদিন (সরকারি ছুটির দিন ব্যতিত) ২.০০০ মে.টন করে চাল ওএমএস খাতে বিক্রয় করা হচ্ছে। খাদ্যবান্ধব কর্মসূচির ২০,৬৪১ জন উপকারভোগীর মধ্যে এ পর্যন্ত ১৮,৩০৯ জন উপকারভোগীর ডিজিটাল ডাটাবেজ সম্পন্ন করা হয়েছে। সেপ্টেম্বর, ২০২২ মাসে অযাচাইকৃত ভোক্তাগণের যাচাই অব্যাহত থাকবে মর্মে খাদ্য অধিদপ্তর থেকে নির্দেশনা পাওয়া গেছে। যাচাইকৃত ভোক্তাগণের মাঝে চলতি সেপ্টেম্বর, ২০২২ মাসের চাল বিক্রয় আগামী সপ্তাহে আরম্ভ হবে। সারাদেশে ভোক্তার তথ্য যাচাই কার্যক্রম শেষে বাতিলকৃত ভোক্তাদের পরিবর্তে নতুন ভোক্তাকে তালিকাভুক্ত করার বিষয়ে যথাসময়ে সংশ্লিষ্টদের নির্দেশনার প্রদান করা হবে মর্মে খাদ্য অধিদপ্তর হতে পত্র পাওয়া গেছে। এখন থেকে ভোক্তা পর্যায়ে প্রতি কেজি চালের মূল্য হবে ১৫/- টাকা। এ বিষয়ে তিনি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | সরকারি বিধিমতে মজুদ কার্যক্রম পরিচালনা এবং তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.১২ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বর্তমানে গ্রীষ্মকালীন খেলাধূলা চলমান রয়েছে। ১৫ সেপ্টেম্বর, ২০২২ থেকে এসএসসি পরীক্ষা, ২০২২ শুরু হবে। এছাড়া মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠন, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে এবং ম্যানেজিং কমিটি গঠনের জন্য সরকারি নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর। |
| ৩.১৩ উপজেলা জনস্বাস্থ্য বিভাগ: | | |
| উপসহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, মানবসম্পদ উন্নয়নে গ্রামীন পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি শীর্ষক প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের স্মল স্কিম নির্মাণ কাজ বাস্তবায়িত হবে। সদর উপজেলা মোট ৩৮টি স্কিমের বরাদ্দ পাওয়া গেছে। এর আওতায় ০১টি গভীর নলকূপ, ০১টি ২৫ ফিট উচ্চতার আরসিসি ট্রাকচার, ৩০০০ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন প্লাস্টিক পানির ট্যাংক ও ১ কিমি পাইপ লাইনের মাধ্যমে ৩০-৪০টি পরিবারে নিরাপদ পানি সরবরাহ করা হবে। উপকারভোগীদের ব্যবহৃত পানি অনুযায়ী পানির বিল পরিশোধ করতে হবে এবং সেই টাকা দিয়ে বিদ্যুৎ বিল ও অপারেটরের সম্মানি প্রদান করা হবে। স্কিমটি বাস্তবায়িত হলে উপকারভোগী, স্থানীয় ইউপি সদস্য ও জমিদাতাকে নিয়ে পানি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে এবং তাদের কাছে স্কিমটি হস্তান্তর করা হবে। ঠিকাদার উল্লিখিত কাজটি পাঁচ বছর চালু রাখতে বাধ্য থাকবে। | উপজেলা পরিষদের পানিতে মাত্রাতিরিক্ত আয়রণ থাকায় সরকারী সেবা প্রদান ব্যাহত হচ্ছে। সভায় সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদে ০২টি স্কিম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। স্কিম বাস্তবায়নে সরকার নির্ধারিত সহায়ক চাঁদা, প্রয়োজনীয় জমি ও বিদ্যুৎ বিল পরিষদ থেকে বহন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর |

চলমান পৃষ্ঠা-৪/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **৩.১৪ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** | | |
| উপজেলা যুব অফিসার জানান যে, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান এ অর্থবছরে এখন পর্যন্ত উপজেলা যুব উন্নয়ন দপ্তর কোন প্রশিক্ষণের নিমিত্ত বরাদ্দ প্রাপ্ত হয় নাই। আগামী ১ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় যুব দিবস সারাদেশ ব্যাপী পালিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় গাইবান্ধা সদর উপজেলায় নানা কর্মসূচি গ্রহণ করা হবে। এদিন গাইবান্ধা সদর উপজেলার কিছু উপকারভোগীর মাঝে ঋণ বিতরণ করা হবে। | জাতীয় যুব দিবস, ২০২২ কে সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.১৫ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বিআরডিবি'র আওতায় গাইবান্ধা সদর উপজেলার নির্বাচিত সুফলভোগীর মাঝে প্রশিক্ষণ কার্যক্রম বিষয়ে আলোচনা করেন এবং ঋণদান ও আদায় বিষয়ে বিভাগীয় অগ্রগতি তুলে ধরেন। | আদায়ের হার বৃদ্ধি, সার্টিফিকেট মামলা সমূহ নিষ্পত্তি, বিধিমতে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৬ উপজেলা সমবায় বিভাগঃ** | | |
| উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধীন গাইবান্ধা সদর উপজেলা মোট সুবিধাভোগীর সংখ্যা ছিল ১২০ জন। বর্তমানে ব্যারাক ত্যাগকারী ৭০ জন, মৃত ০৯ জন উপকারভোগীর নিকট থেকে কিস্তি আদায় করা সম্ভব হচ্ছে না। তাই তিনি উপজেলা আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে ঋণ দাদন ও আদায় কমিটির সার্বিক সহযোগিতা কামনা করেন। | সরকারি নির্দেশনামতে অফিস পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৭ উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** | | |
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর জানান যে, অক্টোবর ২০২২ মাসের খাদ্য বিতরণ আদেশ জারি করা হয়েছে এবং খাদ্য বিতরণ চলছে। দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ১৩টি ইউনিয়নে নির্বাচিত ভাতাভোগীদের অনলাইন পদ্ধতিতে ব্যাংকের মাধ্যমে যথাযথভাবে ভাতা পরিশোধ করা হচ্ছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৮ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ** | | |
| উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি নিম্নবর্ণিতভাবে আগস্ট, ২০২২ মাসের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন- | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং বিধিমতে ঋণ বিতরণ ও আদায় করার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গাইবান্ধা সদর |

| নং | কার্যক্রমসমূহ | সেপ্টেম্বর, ২০২২ মাসের অগ্রগতি | বার্ষিক অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | সদস্যদের পুঁজি গঠন | ২.৫৯ লক্ষ | ৭.৩১ লক্ষ |
| ০২ | ঋণ বিতরণ (সদস্য) | ৫৮জন | ১৩৯ জন |
| | নারী উদ্যোক্তা | ০৬জন | ১৬ জন |
| | ক্ষুদ্র উদ্যোক্তা | ১৯ জন | ৩২ জন |
| ০৩ | ক্ষুদ্র ঋণ বিতরণ (টাকা) | ১৮.০০ লক্ষ | ৪৪.৯৫ লক্ষ |
| | নারী উদ্যোক্তা | ৬.৬০ লক্ষ | ১৬.২০ লক্ষ |
| | ক্ষুদ্র উদ্যোক্তা | ২৪.৮০ লক্ষ | ৪২.৩০ লক্ষ |
| ০৪ | ঋণ আদায়ের হার | ৯৫% | ৯৭% |
| ০৫ | মাঠে পাওনা ঋণ | ৩৫৪.১৩ লক্ষ | ৩৫৪.১৩ লক্ষ |
| ০৬ | প্রণোদনা ঋণ বিতরণ সংখ্যা | ০০ জন | ০০ জন |
| ০৭ | প্রণোদনা ঋণ বিতরণ | ০০ | ০০ লক্ষ |
| ০৮ | প্রণোদনা ঋণ আদায়ের হার | ১০০% | ১০০% |
| ০৯ | প্রণোদনা মাঠে পাওনা | ৫৩.৭২ লক্ষ | ৫৩.৭২ লক্ষ |

| | | |
|---|---|---|
| **৩.১৯ সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।** | | |
| ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং বিধিমতে কার্যক্রম পরিচালনার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা। |
| **৩.২০ পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখাঃ** | | |
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের সরকারি নির্দেশনামতে চলছে। বর্তমানে তার দপ্তরে নিরীক্ষা কার্যক্রম চলমান থাকায় ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম ব্যাহত হয়েছে। চলতি মাসে তার তিনি স্বাভাবিক থাকবে বলে তিনি সভায় উল্লেখ করেন। | ঋণ বিতরণ ও তদানুযায়ী আদায়ের হার বৃদ্ধি করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর |
| **৩.২১ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** | | |
| ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান যে, বরাদ্দপ্রাপ্তদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রমগুলো সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | প্রশিক্ষণ কার্যক্রমগুলো সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো । | সংশ্লিষ্ট সকল এবং ইউডিএফ, গাইবান্ধা সদর, |
| **৩.২২ তথ্য আপা প্রকল্পঃ** | | |
| উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ না পাওয়ার কারণে উঠান বৈঠক পরিচালনা করা সম্ভব করা যাচ্ছে না। তবে দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গাইবানদ্ধা সদরকে অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, গাইবান্ধা সদর |

চলমান পৃষ্ঠা-৫/৬

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.২৩ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ** | | |
| ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ রেশন কার্ডের মতো টিসিবি'র উপকারভোগীর তালিকাও অনলাইন করার জন্য অনুরোধ করেন। তার সকলেই গ্রামপুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করেন। | গাইবান্ধা সদর উপজেলার দফাদার ও মহল্লাদারদের শূণ্য পদগুলো পুরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা নির্বাহী অফিসার ও সকল ইউপি চেয়ারম্যান, গাইবান্ধা সদর, |
| **৩.২৪ স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠানঃ** | | |
| উপজেলা পরিষদে ১৭টি স্ট্যান্ডিং কমিটিসমূহের উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং সদস্য-সচিব হচ্ছেন বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ। ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত সভা আহবান, কমিটির কার্যবিবরণী প্রস্তুতপূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের অনুরোধ জানান। | স্ট্যান্ডিং কমিটির সভা আহবান, কার্য বিবরনী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন বাবদ ৮,০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |
| **৩.২৫ বিবিধঃ** | | |
| উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন, গাইবান্ধা সদর উপজেলা পরিষদের চেয়ারম্যানের মহোদয়ের গাড়ির মেরামত বাবদ ১৯,০০০/- (মাত্র উনিশ হাজার) টাকার বিল পাওয়া গেছে। এছাড়া গত আগস্ট, ২০২২ হতে জ্বালানি বিল এখন পর্যন্ত পাওয়া যায় নি। অর্থ বিভাগের বাজেট অধিশাখার ২১.০৭.২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯.১৬-নং জারিকৃত পরিপত্র অনুযায়ী এখাতে পূর্বের বরাদ্দের থেকে সর্বোচ্চ ৮০% ব্যয় পরিশোধ করা যাবে। জ্বালানি বিল পাওয়া সাপেক্ষে বিল পরিশোধ করা যাবে। কম্পিউটার সামগ্রী ক্রয় ও মেরামত বাবদ ৬,৩০০/- (মাত্র ছয় হাজার তিনশত) টাকা এবং পৌরসভার কর নির্ধারণের আপিল ফরম ক্রয় বাবদ ২৪০ (দুইশত চল্লিশ) টাকা এবং ফটোকপি মেশিন মেরামত বাবদ ৬,৬৫০/- (ছয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকার ব্যয় সংশ্লিষ্ট সহকারী কর্তৃক পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয়সমূহ অনুমোদন করার প্রয়োজন। উপজেলা পরিষদের পুকুরের কচুরিপানা পরিষ্কার-পরিচ্ছন্ন করতে ১৫,০০০/- (পনের হাজার) মজুরি ব্যয় করা হয়েছে। সামাজিক সম্প্রীতি সমাবেশ আয়োজন করতে বিভিন্ন খাতে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদের হলরুমে ব্যবহৃত ডায়াসের মেটালিকের কাজ বাবদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ২,৫০০/- (দুই হাজার পাঁচ) টাকা ব্যয় পরিশোধ করা হয়েছে। উপজেলা পরিষদের সভাকক্ষে ব্যবহারের জন্য কিছু চেয়ার ক্রয় করা অতি প্রয়োজন হয়ে পড়েছে। পুরাতন, জীর্ণ ও ভাঙ্গা চেয়ার ব্যবহার করে সভায় আয়োজন অত্যন্ত দৃষ্টিকটু ও লজ্জাকর। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৬) গাড়ির মেরামত বিল বাবদ ১৯,০০০/- (মাত্র উনিশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো;<br>১৭) উপজেলা পরিষদের ব্যবহৃত জিপগাড়ির জ্বালানি বিল বিধিমতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো;<br>১৮) অফিস সরঞ্জাম খাতে ৮১৫০/- টাকা, কম্পিউটার সামগ্রী ও মেরামত খাতে ৬,৩০০/- টাকা, পৌরকর নির্ধারণের আপিল ফরম ক্রয়ের ২৪০/- টাকা, ফটোকপি মেরামত খাতে ৬৬৫০/- টাকা, বর্জ্য ব্যবস্থাপনা খাত হতে ৬,০০০/- টাকা, সামাজিক সম্প্রীতি সমাবেশ আয়োজনের জন্য ২৫,০০০/- টাকা এবং অফিস সরঞ্জাম খাত হতে মেটালিকের কাজ বাবদ ২,৫০০/- টাকা ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো;<br>১৯) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৭০,০০০/- (মাত্র এক লক্ষ সত্তর হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ৩৪টি চেয়ার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২৬ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ** | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানান। স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত এ অফিসে প্রেরণের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে সভায় অনুরোধ করা হয়। | স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত এ অফিসে প্রেরণের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে সভায় অনুরোধ করা হলো। | ভাইস চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর ও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ |
| **৩.২৭ উপজেলা নির্বাহী অফিসারঃ** | | |
| উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। প্রতি মাসের মাসিক সভা যথাসময়ে অনুষ্ঠিত হবে। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে আহবান করেন। সভায় গৃহীত সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি অনুরোধ করেন। গাইবান্ধা সদর উপজেলার জন্ম-মৃত্যু নিবন্ধনের হার অত্যন্ত কম। জন্ম-মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানদের তাগিদ প্রদান করেন। | ৩) সভায় ধারাবাহিকভাবে দপ্তরভিত্তিক আলোচিত বিষয়ের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তগুলো যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪) জন্ম মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| **৩.২৮ চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ** | | |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও সভাপতি, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান সভায় বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। জন্ম-মৃত্যুর ৪৫ দিনের মধ্যেই জন্ম-মৃত নিবন্ধন করতে হয়। তাই তিনি ইউপি চেয়ারম্যানদের এ বিষয়ে গুরুত্ব দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | ধারাবাহিক আলোচিত বিষয়সমূহের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |

চলমান পৃষ্ঠা-৬/৬

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৬/১০/২২

(শাহ সারোয়ার কবীর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক সাধারণ সভা
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা
www.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৬.০০১.১৯. ৯৫৫

তারিখ ঃ ২৮ আশ্বিন ১৪২৯ / ১৩ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জনাব মাহাবুব আরা বেগম গিনি, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩০, গাইবান্ধা-০২, গাইবান্ধা সদর ও মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, উত্তর পূর্ব ব্লক, কক্ষ নং-২২৩-২২৫, লেভেল-০২, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ।
০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা ।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
০৯। সহকারী কমিশনার (ভূমি), গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১০। উপজেলা ........................................ অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
১১। চেয়ারম্যান, ..................................... ইউপি (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
১২। অফিস কপি।

১৩/১০/২২

(মোঃ শরীফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।